সিস্টেম এনালিষ্ট
■ সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
■ প্রোগ্রামার
■ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
■ সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
■ নথি
ডাইরি নং.......................
তারিখ...16/02/2021
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৯-৪৪

তারিখ: ০২ ফাল্গুন/মাঘ ১৪২৭
১৫ ফেব্রুয়ারি ২০২১

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ ফিরোজ আখতার (৬০১৯৩৯) উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), সংগ্রহ ও সংরক্ষণ বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা কর্তৃক নির্ধারিত সময়ে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল না করার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ২(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে ০৬/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ অনুযায়ী কেন তার বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য ২২-০৯-২০১৯ তারিখে নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য একই পত্রে নির্দেশ প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে জনাব মোঃ ফিরোজ আখতার ১০(দশ) দিন সময় বৃদ্ধির জন্য ১৩-১০-২০১৯ তারিখে আবেদন করেন এবং আবেদন অনুযায়ী জবাব দাখিলের সময় ১৭-১১-২০১৯ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। কিন্তু বর্ধিত সময় ১৭-১১-২০১৯ তারিখে অতিক্রান্ত হলেও অভিযুক্ত নির্বাহী প্রকৌশলী কোনোরুপ জবাব প্রেরণ করেননি বা ব্যক্তিগত শুনানী প্রদানের ইচ্ছা পোষণ করেননি। অতঃপর জনাব মোঃ ফিরোজ আখতার এর অভিযোগ বিবরণী, অভিযোগনামা ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলা তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় এ বিভাগের উপসচিব জনাব মোঃ আব্দুল মোক্তাদের-কে তদন্ত কর্মকর্তা এবং সহকারী সচিব জনাব বিনা রাণী দাস-কে মামলা পরিচালনা কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ২৮-০১-২০২০ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে জনাব মোঃ ফিরোজ আখতার এর বিরুদ্ধে আনীত “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

যেহেতু, জনাব মোঃ ফিরোজ আখতার-কে অভিযোগ বিবরণী, অভিযোগনামা এবং তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণ করতঃ কেন তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক গুরুদন্ড আরোপ করা হবে না- তা উল্লেখপূর্বক একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তিনি জবাব দাখিল করেননি। এ প্রেক্ষিতে তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(ক) অনুযায়ী তার চাকুরী “নিম্নপদে অবনমিতকরণ” গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত প্রদান করা হয়;

যেহেতু, The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর বিধান মোতাবেক জনাব মোঃ ফিরোজ আখতার এর গুরুদন্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। কমিশন গত ২৭-৭-২০২০ তারিখের ৮০.০০.০০০০.১০১.৩৪.০০৩. ২০.৭৯ নম্বর স্মারকে “নিম্নপদে অবনমিতকরণ” গুরুদন্ড আরোপ করার সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ ফিরোজ আখতার (৬০১৯৩৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), সংগ্রহ ও সংরক্ষণ বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (বেতন স্কেল ৪৩০০০-৬৯৮৫০ গ্রেড-৫ স্কেলে বর্তমান বেতন ৫৮৫৬০/-) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, সরকারি কর্ম কমিশনের মতামত এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত অপরাধের জন্য তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩)(ক) বিধি অনুযায়ী একধাপ নিম্নপদে অর্থাৎ নির্বাহী প্রকৌশলী পদ থেকে উপ-বিভাগীয় প্রকৌশলী পদে ৩৫৫০০-৬৭১০০/- (গ্রেড-৬)স্কেলে অবনমিতকরণ গুরুদন্ড আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, গত ২০-০৮-২০২০ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৯-১২৬ সংখ্যক সার-সংক্ষেপ মূলে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনক্রমে এ বিভাগের গত ২২-০৯-২০২০ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৯-১৬২ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাকে একধাপ নিম্নপদে অর্থাৎ নির্বাহী প্রকৌশলী পদ থেকে উপ-বিভাগীয় প্রকৌশলী পদে ৩৫৫০০-৬৭১০০/- (গ্রেড-৬)স্কেলে অবনমিতকরণ গুরুদন্ড আরোপ করা হয়;

অঃপৃঃদ্রঃ

যেহেতু, তিনি উক্ত গুরুদন্ডের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২২(১) ও (২) বিধি অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি বরাবর আপিল আবেদন করেন;

যেহেতু, মহামান্য রাষ্ট্রপতি আপিলকারীর আবেদনের বিষয়টি বিবেচনা করে গত ২০-০১-২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৯-১৩ সংখ্যক সার-সংক্ষেপ মূলে তাকে প্রদত্ত নিম্নপদে অবনমিতকরণ গুরুদন্ড হ্রাস করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(খ) মোতাবেক "২(দুই) বছর বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" লঘুদন্ড আরোপ করেন;

সেহেতু এক্ষণে জনাব মোঃ ফিরোজ আখতার (৬০১৯৩৯), উপ-বিভাগীয় প্রকৌশলী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩)(ক) বিধি অনুযায়ী একধাপ নিম্নপদে অর্থাৎ নির্বাহী প্রকৌশলী পদ থেকে উপ-বিভাগীয় প্রকৌশলী পদে ৩৫৫০০-৬৭১০০/- (গ্রেড-৬) স্কেলে অবনমিতকরণ গুরুদন্ড হ্রাস করে একই বিধিমালার ৪(২)(খ) মোতাবেক লঘুদন্ড হিসেবে "২(দুই) বছর বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত রাখার" লঘুদন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫/০২/২০২১

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৯- ৪৪ ১(১৪)

তারিখ : ০২ ফাল্গুন ~~মাঘ~~ ১৪২৭
১৫ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তাঁর PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)
০৬. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৮. সিনিয়র সহকারী সচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)
০৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল)
১১. জনাব মোঃ ফিরোজ আখতার (৬০১৯৩৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (যান্ত্রিক), সংগ্রহ ও সংরক্ষণ বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩. চিফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, ঢাকা।
১৫. অফিস কপি

১৫/০২/২০২১

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫৬০৯৬৬